



পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iau.exam@gmail.com
ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।



শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- ইআবি/পনি/শৃংখলা/০৯/২০১৭/ ২০২১


২৫ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ
১০ নভেম্বর, ২০২০ খ্রি.
২৫ রবিউল আউয়াল, ১৪৪২ হিজরী

বিষয় : পরীক্ষা সংক্রান্ত সকল কার্যক্রম থেকে অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, যশোর আমিনিয়া-কামিল মাদরাসাটি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিচালিত ফাজিল (স্নাতক) পাস ও কামিল (স্নাতকোত্তর) পরীক্ষার কেন্দ্র হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। কয়রা উত্তরচক আমিনিয়া বহুমুখী কামিল মাদরাসার অধ্যক্ষ মাওলানা মোস্তফা আব্দুল মালেক আপনার বিরুদ্ধে যশোর আমিনিয়া কামিল মাদরাসা পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত ২০১৭ সালের কামিল (স্নাতকোত্তর) মৌখিক পরীক্ষায় নম্বরপত্র বৃদ্ধি করে বহিরাগত পরীক্ষকের স্বাক্ষরবিহীন নম্বরপত্র ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে জমাদানের লিখিত অভিযোগ করেছেন।

উক্ত অভিযোগের সত্যতা পাওয়ায় শৃংখলা কমিটির ৪র্থ সভার সিদ্ধান্ত মোতাবেক আপনাকে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর অধীনে অনুষ্ঠিত পরীক্ষা সংক্রান্ত সকল কার্যক্রম থেকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত অব্যাহতি দেয়া হলো।


(প্রফেসর সিরাজ উদ্দিন আহমাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

প্রাপক

জনাব মোহাম্মদ শাখাওয়াত হোসেন

অধ্যক্ষ


যশোর আমিনিয়া কামিল মাদরাসা, যশোর।

স্মারক নং- ইআবি/পনি/শৃংখলা/০৯/২০১৭/ ২০২১

১০ নভেম্বর, ২০১০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো :

- ১। ডীন, কামিল স্নাতক শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। পরিদর্শক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। পরিচালক, অর্থ ও হিসাব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, যশোর।
- ৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, যশোর।
- ৮। সভাপতি গভর্নিং বডি, যশোর আমিনিয়া কামিল মাদরাসা, যশোর (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৯। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। ট্রেজারার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ১১। জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ১২। আই.সি.টি শাখা (ওয়েবসাইটে প্রকাশ করার নিমিত্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ১৩। অফিস নথি।


সহকার পরীক্ষা নিয়ন্ত্রক (অতি: দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।